

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৭. ১৪. পুরুষের মূল্য নারীর চেয়ে অনেক বেশি

বাইবেলের বিধান অনুসারে পুরুষের মূল্য নারীর চেয়ে অনেক বেশি। কেউ যদি নিজেকে বা অন্য কাউকে ঈশ্বরের জন্য বিল বা কোরবানি করার মানত করে তবে ঈশ্বরেকে 'মূল্য' দিয়ে বিল থেকে রক্ষা করা যাবে। এক্ষেত্রে পুরুষের মূল্য নারীর চেয়ে অনেক বেশি: "যদি কেউ কোন বিশেষ মানত পূরণের জন্য নিজেকে কিংবা অন্য কোন লোককে মাবুদের কাছে কোরবানী করে, তবে সেই কোরবানীর বদলে যে মূল্য দিতে হবে তা এই: বিশ থেকে ষাট বছর বয়সের পুরুষের জন্য ধর্মীয় মাপ অনুসারে আধা কেজি রূপা, ঐ বয়সের স্ত্রীলোকের জন্য তিনশো গ্রাম রূপা। পাঁচ থেকে বিশ বছর বয়সের ছেলের জন্য দু'শো গ্রাম রূপা, ঐ বয়সের মেয়ের জন্য একশো গ্রাম রূপা। ঘাট বছর বা তার বেশী বয়সের পুরুষের জন্য দেড়শো গ্রাম রূপা, ঐ বয়সের স্লীলোকের জন্য একশো গ্রাম রূপা। ঘাট বছর বা তার বেশী বয়সের পুরুষের জন্য দেড়শো গ্রাম রূপা, ঐ বয়সের স্ত্রীলোকের জন্য একশো গ্রাম রূপা।" লেবীয় ২৭/১-৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14466

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন